নমুনা প্রশ্ন

দ্বাদশ শ্রেণি

চতুর্থ সেমেস্টার

পূর্ণমান- ৪০

**১. নীচের প্রশ্নের নিজের ভাষায় উত্তর দাও। (যে কোনও ১টি) [১ x ৫ = ৫]**

১.১ 'সামনাসামনি তো একটা কথা বলার সাহস নেই।'— কার সম্পর্কে এমন উক্তি করা হয়েছে? কার সামনাসামনি কথা বলতে সে ভয় পায়? উদ্দিষ্ট ব্যক্তির সাহস না থাকার কারণ ব্যাখ্যা করে তার চরিত্র সম্বন্ধে তোমার মতামত জানাও। (১+১+৩)

১.২ 'অবিনাশের সাড়ে আটচল্লিশ' ছোটোগল্পটির নামকরণের অভিনবত্ব গল্পের রসসিদ্ধির পথে কতটা সহায়ক হয়েছে বিচার করো।

**২. নীচের প্রশ্নের নিজের ভাষায় উত্তর দাও। (যে কোনও ১টি) [১ x ৫ = ৫]**

২.১ 'ভুলে যাইনি।'— কী কী না-ভোলার কথা কবি উল্লেখ করেছেন?

'ভুলে যাব না / জীবনে কোনোদিনই।'— তাঁর এই দৃঢ় প্রত্যয়ে পৌঁছনোর কারণ ব্যাখ্যা করো। (৩+২)

২.২ 'ভয়ঙ্করভাবে টাল সামলে দাঁড়িয়ে রইল...'— এখানে কোন কোন গাড়ির উল্লেখ রয়েছে? 'ভিখারি-মায়ের শিশু'-কে কবি কেন 'কলকাতার যিশু' বলে অভিহিত করেছেন, বুঝিয়ে দাও। (২+৩)

**৩. নীচের প্রশ্নগুলির নিজের ভাষায় উত্তর দাও। (যে কোনও ২টি) [২ x ৫ = ১০]**

৩.১ 'তোমরা কেবলই করেছ ঋণ,/ কিছুই কর নি শোধ,/দেউলে করে দিয়েছ যুগের বিত্ত।'— কোন প্রসঙ্গে, কার এই উক্তি? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও। (২+৩)

৩.২ 'তার পরে কোন এক যুগে কোন-একদিন/আসবে উলটোরথের পালা।/ তখন আবার নতুন যুগের উঁচুতে নিচুতে হবে /বোঝাপড়া।'— কার, কোন প্রশ্নের উত্তরে কবির এই উক্তির অবতারণা? এখানে 'উলটোরথের পালা'-শব্দবন্ধে কী বোঝানো হয়েছে বলে তোমার মনে হয়, লেখো। (২+৩)

৩.৩ সংক্ষেপে মূল বক্তব্যটি বিবৃত করে রূপক-সাংকেতিক নাটক হিসেবে 'রথের রশি'র সার্থকতা বিচার করো। (২+৩)

**৪. নীচের প্রবাদগুলিকে ব্যবহার করে বাক্য রচনা করো। [২ x ১ = ২]**

৪.১ ডুমুরের ফুল

৪.২ দশচক্রে ভগবান ভূত

**৫. নীচের গদ্যাংশটিতে বিরাম চিহ্ন বসাও। [৩]**